# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ

ম্যানেজার, এইচ আর (প্রশিক্ষণ ও উন্নয়ন), ডিপিডিসি

এবং

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশিক্ষণ ও উন্নয়ন), ডিপিডিসি

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

১ জুলাই, ২০২৩- ৩০ জুন, ২০২৪

## তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশিক্ষণ ও উন্নয়ন, ডিপিডিসি দপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জনসমূহ:**

বিগত বছর সমূহের ন্যায় গত ২০২২-২৩ অর্থবছরেও ডিপিডিসির প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তর সফলতার সাথে এপিএ লক্ষ্যমাত্রা অর্জন করেছে। ২০২২-২৩ অর্থবছরে জনপ্রতি ৬০ ঘন্টা প্রশিক্ষণ লক্ষ্যমাত্রার বিপরীতে জনপ্রতি ৬৫.০১ ঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ডিপিডিসি দেশের একটি শীর্ষস্থানীয় বিদ্যুৎ বিতরণকারী প্রতিষ্ঠান হিসেবে এর প্রত্যেক এমপ্লয়ীকে দক্ষ ও পেশাদার কর্মী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় কারিগরী ও সাধারণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনিস্টিটিউট (বিপিএমআই) কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী মনোনয়ন করে এমপ্লয়ীদের দক্ষতা বৃদ্ধি করা হয়েছে। এছাড়া মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত শুদ্ধাচার, ই-গভর্নেন্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার আইন, ২০০৯ প্রভৃতি প্রশিক্ষণ নির্দেশনা মতে আয়োজন করা হয়েছে।

**চ্যালেঞ্জসমূহ:**

ক) ডিপিডিসির ঘোষিত অভিলক্ষ্যের সাথে সামঞ্জস্য রেখে সকল এমপ্লয়িকে ডাটা-কেন্দ্রিক বিগডাটা মানসিকতায় বিবর্তন করা।
খ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের সাথে সামঞ্জস্য রেখে প্রত্যেক এমপ্লয়ীকে স্মার্ট কর্মীরূপে গড়ে তোলা।
গ) আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স (এআই) সহ সকল আধুনিক প্রযুক্তির ব্যবহারে ডিপিডিসির কর্মীদেরকে দক্ষ করে তোলা।
ঘ) উদ্ভাবনী প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে গ্রাহক সন্তুষ্টি আরও বৃদ্ধির লক্ষ্যে ডিপিডিসির এমপ্লয়ীদেরকে প্রস্তুত করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

ক) ডিপিডিসি'র প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরকে বাংলাদেশের সর্বাধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন প্রশিক্ষণ কেন্দ্রে রূপদান।

খ) প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরে হাতে কলমে কারিগরি প্রশিক্ষনের প্রয়োজনীয় সকল সিমুলেটর স্থাপন।

গ) প্রশিক্ষণের সর্বোচ্চ ফলাফল আহরণের লক্ষ্যে আবাসিক প্রশিক্ষণের ব্যবস্থা করা।

ঘ) সার্বিক পরিস্থিতি বিবেচনায় একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় ডিপিডিসি'র প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরকে একটি সময়োপযোগী এবং ডিপিডিসি'র জন্য লাভজনক দপ্তরে পরিণত করা।

ঙ) পাওয়ার সেক্টরের অন্যান্য প্রতিষ্ঠান সহ বিভিন্ন সরকারী-বেসরকারী দপ্তরের জন্য বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের সক্ষমতা অর্জনের মাধ্যমে ডিপিডিসির আয়বৃদ্ধিতে সচেষ্ট হওয়া।

**২০২২অর্থবছরের সম্ভাব্য প্রধান লক্ষ্যমাত্রাসমূহ ২৩-:**

- জনপ্রতি ৬০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান।
- প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন।
- বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজন।
- সকল দপ্তর কর্তৃক আয়োজিত অন দা জব প্রশিক্ষণ রিপোর্ট সংগ্রহ।
- মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত শুদ্ধাচার, ই-গভর্নেন্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার আইন, ২০০৯ প্রভৃতি প্রশিক্ষণ আয়োজন।

# প্রস্তাবনা

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড-এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ম্যানেজার, এইচ আর, প্রশিক্ষণ ও উন্নয়ন, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

এবং

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশিক্ষণ ও উন্নয়ন, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড-এর মধ্যে ২০২৩সালের ....০৮..... মাসের ..৩০..... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন-১

## ডিপিডিসি'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

তথ্যপ্রযুক্তি ও উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে ডাটা-কেন্দ্রিক অবকাঠামো নির্মাণ, নবায়নযোগ্য বিদ্যুৎ খাতের উন্নয়ন, প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি এবং নির্ভরযোগ্য, প্রতিযোগিতামূলক বিদ্যুৎ সরবরাহ করে গ্রাহকগণের সন্তুষ্টি অর্জন ও দেশের সেরা বিদ্যুৎ সংস্থা হওয়া।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

- নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহের জন্য ডিপিডিসি'র সর্বস্তরের পরিচালনা পদ্ধতি ডাটা-কেন্দ্রিক বিগডাটা মানসিকতায় বিবর্তন করা।
- উপকেন্দ্র ও বিতরণ লাইন এর প্রতিটি ডিভাইস এবং মিটারিং এর সর্বক্ষেত্রে টু-ওয়ে কমিউনিকেশনসহ ডাটা-কেন্দ্রিক অবকাঠামো পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য রি-ট্রেইনিং ও ফ্রেস রিক্রুইটমেন্ট করা।
- দেশের ও কোম্পানির প্রচলিত আইন ও বিধি প্রতিপালন এবং নির্দেশনা যথাযথ অনুসরণের মাধ্যমে সকল স্টেইকহোল্ডারের কাছে ডিপিডিসি-কে স্বচ্ছ ও জবাবদিহিতামূলক প্রতিষ্ঠানে পরিণত করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ ডিপিডিসি'র কর্মসম্পাদনের ক্ষেত্র:

১. প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি
২. নতুন বিদ্যুৎ সংযোগ এবং গ্রাহকসন্তুষ্টি অর্জন
৩. বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন
৪. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি
৫. নিরবচ্ছিন্ন ও গুণগত মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ এবং নবায়নযোগ্য জ্বালানির প্রসার

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র:

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি
২. নতুন আবাসিক বিদ্যুৎ সংযোগ প্রদান
৩. গ্রাহক সন্তুষ্টি অর্জন
৪. বিতরণ লাইন সম্প্রসারণ
৫. উপকেন্দ্রের ক্ষমতা সংযোজন
৬. বিতরণ সিস্টেম লস হ্রাসকরণ
৭. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি
৮. নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ
৯. গুণগত ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ
১০. নেট মিটারিং ব্যবস্থার প্রবর্তন
১১. ট্রান্সফর্মারের ওভারলোড হ্রাসকরণ

## সেকশন-৩

### তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশিক্ষণ ও উন্নয়ন) দপ্তরের কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণয়ক ২০২৩-২০২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২৫ | প্রক্ষেপণ ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| [১] প্রতিষ্ঠানিক দক্ষতা , সক্ষমতা ও স্বচ্ছতা বৃদ্ধি করা। | ৭০ | [১.১] প্রশিক্ষণ ক্যালেন্ডার | [১.১.১ ] প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন | সময় | তারিখ | ০৫ | ১০০% | ১০০% | ৩০ অক্টোবর | ৩০ নভেম্বর | ৩০ ডিসেম্বর | - | - | - | - |
| | | [১.২] ইন হাউজ প্রশিক্ষণ | [১.২.১] বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজন | সমষ্টি | সংখ্যা | ১০ | ১০০% | ১০০% | ৩ | ২ | ১ | - | - | - | - |
| | | | [১.২.২] কর্মকর্তা- কর্মচারীগণের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন (জনপ্রতি ১৫ ঘণ্টা) | সমষ্টি | জনঘণ্টা | ২৫ | ১০০% | ১০০% | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১১ | - | - |
| | | | [১.২.৩] কর্মশালা আয়োজন | সমষ্টি | সংখ্যা | ০৫ | ১০০% | ১০০% | ২ | ১ | - | - | - | - | - |
| | | [১.৩] অন দা জব প্রশিক্ষণ | [১.৩.১] অন দা জব প্রশিক্ষণ এর মেথডলজি প্রণয়ন | সময় | তারিখ | ২.৫ | ১০০% | ১০০% | ৩০ সেপ্টেম্বর | ৩০ অক্টোবর | ৩০ নভেম্বর | ৩০ ডিসেম্বর | | - | - |
| | | | [১.৩.২] অন দা জব প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত পরিপত্র ও দপ্তরাদেশ জারি | সময় | তারিখ | ২.৫ | ১০০% | ১০০% | ৩০ সেপ্টেম্বর | ৩০ অক্টোবর | ৩০ নভেম্বর | ৩০ ডিসেম্বর | - | - | - |
| | | | [১.৩.৩] সকল দপ্তর কর্তৃক আয়োজিত অন দা জব প্রশিক্ষণ রিপোর্ট সংগ্রহ (জনপ্রতি ৪৫ ঘণ্টা) | সময় | তারিখ | ১৫ | ১০০% | ১০০% | প্রতি মাসের ৭ তারিখ | প্রতি মাসের ১০ তারিখ | প্রতি মাসের ১৫ তারিখ | প্রতি মাসের ২০ তারিখ | প্রতি মাসের ২৫ তারিখ | - | - |
| | | | [১.৩.৪] অন দা জব প্রশিক্ষণ রিপোর্ট সামারি তৈরি ও প্রধান কার্যালয়ে প্রেরণ | সময় | তারিখ | ০৫ | ১০০% | ১০০% | প্রতি মাসের ৭ তারিখ | প্রতি মাসের ১০ তারিখ | প্রতি মাসের ১৫ তারিখ | প্রতি মাসের ২০ তারিখ | প্রতি মাসের ২৫ তারিখ | - | - |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যর মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণয়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২৫ | প্রক্ষেপণ ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশিক্ষণ ও উন্নয়ন ) দপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমুলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] সকল শাখায় ই-নথির ব্যবহার | সমষ্টি | % | ০৩ | ১০০% | ১০০% | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | - | - |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | সমষ্টি | % | ০৩ | ১০০% | ১০০% | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | - | - |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | সমষ্টি | % | ০২ | ১০০% | ১০০% | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | - | - |
| | | [১.২] শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | [১.২.১] প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ০৮ | ১০০% | ১০০% | ৪ | ৩ | ২ | ১ | - | - | - |
| | | [১.৩] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজন | [১.৩.১] প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ০৪ | ১০০% | ১০০% | ২ | ১ | - | - | - | - | - |
| | | [১.৪] কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জি আরএস সফটওয়্যার বিষয়ক সেমিনার/কর্মশালা /প্রশিক্ষণ আয়োজন | [১.৪.১] সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ০৪ | ১০০% | ১০০% | ২ | ১ | - | - | - | - | - |
| | | [১.৫] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন। | [১.৫.১] সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ০২ | ১০০% | ১০০% | ১ | - | - | - | - | - | - |
| | | [১.৬] তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্যপ্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন। | [১.৬.১] প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ০৪ | ১০০% | ১০০% | ২ | ১ | - | - | - | - | - |

আমি, ম্যানেজার, এইচ আর (প্রশিক্ষণ ও উন্নয়ন), ডিপিডিসি, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশিক্ষণ ও উন্নয়ন ), ডিপিডিসি এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশিক্ষণ ও উন্নয়ন ), ডিপিডিসি, ম্যানেজার, এইচ আর, (প্রশিক্ষণ ও উন্নয়ন), ডিপিডিসি এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

৩০-০৮-২৩

ম্যানেজার, এইচ আর (প্রশিক্ষণ ও উন্নয়ন), ডিপিডিসি।

তারিখ

৩০-০৮-২৩

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশিক্ষণ ও উন্নয়ন), ডিপিডিসি।

তারিখ